# মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: উচ্চাভিলাষ/উচ্চাকাঙ্খা/উচ্চ হিম্মত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফায়েদা: উচ্চাভিলাষ/উচ্চাকাঙ্খা/উচ্চ হিম্মত

ব্যক্তির ইচ্ছার ক্ষেত্রে সর্বোচ্চ হিম্মত হলো, তার হিম্মত সম্পৃক্ত হবে আল্লাহর ভালোবাসা ও তাঁর দীনি আদেশের উদ্দেশ্যের সাথে। অর্থাৎ তার কাজটি আল্লাহর ভালোবাসা ও তাঁর দীনি আদেশ অনুযায়ী ব্যক্তি স্বীয় ইচ্ছানুযায়ী করতে পারা, এটা সর্বোচ্চ হিম্মত বলে বিবেচিত হবে।

আর সর্বনিম্ন হিম্মত হলো, আল্লাহর থেকে ব্যক্তির উদ্দেশ্য হাসিলের জন্য হিম্মত করা। সে আল্লাহর থেকে কিছু পাওয়ার জন্য তাঁর ইবাদত করে, আল্লাহ তার থেকে যা চায় সেজন্য তাঁর ইবাদত করে না। প্রথম প্রকারের হিম্মত আল্লাহর পক্ষ থেকে (বান্দার জন্য আসে) এবং আল্লাহও তার উদ্দেশ্য বাস্তবায়নের ইচ্ছা করেন। আর দ্বিতীয় প্রকারের হিম্মতে সে আল্লাহর থেকে কিছু পাওয়ার জন্য সংকল্প করে, এবং তা আল্লাহর (শরী'আতগত) ইচ্ছা থেকে মুক্ত থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9725

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন